শেখ হাসিনার বাংলাদেশ
পরিচ্ছন্ন পরিবেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ অধিদপ্তর
পরিবেশ ভবন, ই/১৬, আগারগাঁও
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.doe.gov.bd

স্মারক নং- ২২.০২.০০০০.০১১.৯৯.০০৬.১৮-২৫৫৬

তারিখ ঃ ১৮/০৪/১৪২৯ বঙ্গাঃ
০২/০৮/২০২২ খ্রিঃ

**বিষয়ঃ "বঙ্গবন্ধু শেখ মুজিব স্কলার" নির্বাচন ও অ্যাওয়ার্ড প্রদানের জন্য আবেদন আহবান।**

সূত্রঃ প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের ২৫ জুলাই ২০২২ তারিখের ৩৭.২৪.০০০০.০০০.০৮.০০১.২২.৩০ সংখ্যক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট্র হতে প্রাপ্ত পত্রের ছায়ালিপি এসাথে প্রেরণ করা হলো। প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট্রের উদ্যোগে অনন্য মেধাবী শিক্ষার্থীদেরকে স্বীকৃতি ও উৎসাহ প্রদানের লক্ষ্যে দেশের অভ্যন্তরীন সকল সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়/কলেজে স্নাতকোত্তর (Post Graduation) পর্যায়ে অধ্যয়নরত শিক্ষার্থীদেরকে "বঙ্গবন্ধু শেখ মুজিব স্কলার" নির্বাচন ও অ্যাওয়ার্ড প্রদানের জন্য আবেদন আহবান করা হচ্ছে।

এমতপ্রেক্ষিতে, "বঙ্গবন্ধু শেখ মুজিব স্কলার" নির্বাচন ও অ্যাওয়ার্ড প্রদানের জন্য আগ্রহী ও উপযুক্ত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত আবেদনপত্রে দরখাস্ত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।**

02/08/22

**(মুহাম্মদ মুজাহিদুল ইসলাম)**
উপপরিচালক (সমন্বয়) (প্রতিকল্প)
ফোনঃ ৮১৮১৭৮২

**বিতরণঃ সদয় কার্যার্থে-**

১। অতিরিক্ত মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, ঢাকা।
২। পরিচালক (সকল), পরিবেশ অধিদপ্তর।
৩। উপপরিচালক/সমপর্যায়ের কর্মকর্তা (সকল), পরিবেশ অধিদপ্তর।
৪। সহকারী পরিচালক/সমপর্যায়ের কর্মকর্তা (সকল), পরিবেশ অধিদপ্তর।
৫। পরিদর্শক/সমপর্যায়ের কর্মকর্তা (সকল), পরিবেশ অধিদপ্তর।
৬। কর্মচারী (সকল), পরিবেশ অধিদপ্তর।

**অনুলিপিঃ**

১। সহকারী পরিচালক, মহাপরিচালক মহোদয়ের দপ্তর, পরিবেশ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
উপ-পরিচালকের দপ্তর
বাড়ি-৪৪, সড়ক-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯

নম্বর ৩৭.২৪.০০০০.০০০.০৮.০০১.২২.৩০

তারিখ: ১০ শ্রাবণ ১৪২৯
২৫ জুলাই ২০২২

উপপরিচালক | প্রশাসন/অর্থ/প্রচার/সমন্বয়
সহঃপরিচালক | প্রশাসন সেবা/প্রচার/পরিবহন
ব্যক্তিগত সহকারী
জরুরী পেশ করুন
আলোচনা করুন
পরিচালক (প্রশাসন)

বিজ্ঞপ্তি

বিষয়: **"বঙ্গবন্ধু শেখ মুজিব স্কলার" নির্বাচন ও অ্যাওয়ার্ড প্রদানের জন্য আবেদন আহবান।**

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, সোনার বাংলার স্বপ্নদ্রষ্টা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর শিক্ষা ও গবেষণা ভাবনায় পরবর্তী প্রজন্মকে উজ্জীবিত করার লক্ষ্যে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের উদ্যোগে অনন্য মেধাবী শিক্ষার্থীদেরকে স্বীকৃতি ও উৎসাহ প্রদানের লক্ষ্যে দেশের অভ্যন্তরীণ সকল সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়/কলেজে স্নাতকোত্তর (Post Graduation) পর্যায়ে অধ্যয়নরত শিক্ষার্থীদের নিকট থেকে নিম্নবর্ণিত শর্তে ও নির্ধারিত আবেদনপত্রে দরখাস্ত আহবান করা হলো :

ক) অধিক্ষেত্র :

| ক্রমিক | অধিক্ষেত্র |
|---|---|
| ১. | সামাজিক বিজ্ঞান (Social Science); |
| ২. | কলা ও মানবিক (Arts & Humanities); |
| ৩. | ব্যবসায় শিক্ষা (Business Studies); |
| ৪. | আইন (Law); |
| ৫. | ভৌত বিজ্ঞান (Physical Science); |
| ৬. | গাণিতিক বিজ্ঞান (Mathematical Science); |
| ৭. | জীব বিজ্ঞান (Biological Science); |
| ৮. | কৃষি বিজ্ঞান (Agricultural Science); |
| ৯. | সমুদ্র বিজ্ঞান/পরিবেশ বিজ্ঞান/পরমাণু বিজ্ঞান (Marine Science/Environmental Science/ Nuclear science) |
| ১০. | ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি (Engineering & Technology) |
| ১১. | টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং (Textile Engineering) |
| ১২. | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি/এমার্জিং টেকনোলজি (Information and Communication Technology /Emerging Technology); |
| ১৩. | শিক্ষা ও উন্নয়ন (Education & Development); |
| ১৪. | চিকিৎসা বিজ্ঞান (Medical science); |
| ১৫. | চারু ও কারু (Fine Arts); |
| ১৬. | ধর্মীয় শিক্ষা (Religious Studies) |

খ) সামাজিক বিজ্ঞান, কলা ও মানবিক, ব্যবসায় শিক্ষা, ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি, চিকিৎসা বিজ্ঞান এবং কৃষি বিজ্ঞান অধিক্ষেত্রে (দুই) ০২ জন এবং অবশিষ্ট অধিক্ষেত্রগুলোতে এক জন করে মোট বাইশ (২২) জন চূড়ান্তভাবে "বঙ্গবন্ধু শেখ মুজিব স্কলার" হিসেবে নির্বাচন এবং অ্যাওয়ার্ড প্রদান করা হবে। **বঙ্গবন্ধু শেখ মুজিব স্কলারকে প্রাইজমানি হিসেবে তিন (০৩) লক্ষ টাকা, একটি সার্টিফিকেট এবং ক্রেস্ট প্রদান করা হবে।**

গ) আবেদনের নিয়ম ও শর্তাবলি :

১. 'বঙ্গবন্ধু শেখ মুজিব স্কলার নির্বাচন ও অ্যাওয়ার্ড প্রদান নির্দেশিকায়' বর্ণিত শর্ত, যোগ্যতা এবং অন্যান্য বিষয়াদি অনুসরণপূর্বক শিক্ষার্থীদেরকে আবেদন করতে হবে। এ নির্দেশিকা এবং আবেদনপত্রের ফরম ট্রাস্টের ওয়েবসাইটে (www.pmeat.gov.bd) পাওয়া যাবে।

২. **বৃত্তির জন্য অবশ্যই এসএসসি ও এইচএসসিতে জিপিএ ৫.০০ (স্কেল ৫.০০ এর ক্ষেত্রে) এবং স্নাতকে জিপিএ/সিজিপিএ ৩.৭০ (স্কেল ৪.০০ এর ক্ষেত্রে) থাকতে হবে;**

৩. <u>সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয়/কলেজে স্নাতকোত্তর (Post Graduation) শ্রেণিতে ভর্তির নিশ্চয়তা পেয়েছেন বা ভর্তিকৃত এমন শিক্ষার্থীগণ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে আবেদন করবেন।</u> আবেদনপত্রের সাথে সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, নম্বরপত্র ও এক্সট্রা কারিকুলার অ্যাকটিভিটিজ'র সনদের সত্যায়িত অনুলিপি সংযোজন করতে হবে;

৪. পূরণকৃত আবেদন ফরম **আগামী ৩১ আগস্ট ২০২২ তারিখের মধ্যে** ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট বরাবর রেজিস্টার্ড ডাকযোগে বা সরাসরি পৌঁছাতে হবে। **নির্ধারিত তারিখ ও সময়ের পর প্রাপ্ত কোনো আবেদনপত্র বিবেচনা করা হবে না।**

৫. কর্তৃপক্ষ যে কোনো সময় এ বিজ্ঞপ্তি বাতিল/পরিবর্তন এবং যে কোনো আবেদন বিবেচনা/বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

২৫-৭-২০২২
নাসরীন আফরোজ
ব্যবস্থাপনা পরিচালক
ফোন: ০২-৮১৯২২০০
ইমেইল: md@pmeat.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সিনিয়র সচিব/সচিব (সকল)

২) রেক্টর /মহাপরিচালক/চেয়ারম্যান/নির্বাহী পরিচালক/ব্যবস্থাপনা পরিচালক/প্রধান প্রকৌশলী/পরিচালক(সকল)/অধিদপ্তর/দপ্তর/সংস্থা

৩) জেলা প্রশাসক (সকল)

৪) জেলা শিক্ষা অফিসার (সকল)

৫) উপজেলা নির্বাহী অফিসার (সকল)

৬) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস (সকল)